



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2023

CC5-BENGALI

NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যটি কয়টি পালায় বিভক্ত? এই পালাগানগুলিতে উল্লেখিত যে-কোনো তিনটি রাগের নাম লেখো।
- (খ) ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে বেহুলার স্বর্গ পথ যাত্রায় কয়টি গ্রাম ও ঘাটের কথা বলা হয়েছে? সেগুলির নাম লেখো।
- (গ) মুকুন্দরাম চক্রবর্তী নিজ বাসভূমি ত্যাগ করে কার রাজসভায় আশ্রয় নিয়েছিলেন এবং কার পৃষ্ঠপোষকতায় 'চণ্ডীমঙ্গল' কাব্যটি রচনা করেছিলেন?
- (ঘ) 'হরিদত্তের বেটা হই জয়দত্তের নাতি'। — কার সম্বন্ধে এই উক্তি করা হয়েছে? এরূপ বলার কারণ কী?
- (ঙ) চৈতন্যদেবের দ্বিতীয় পত্নীর নাম লেখো। দ্বিতীয় বিয়ের ব্যয়ভার কে বহন করেছিলেন?
- (চ) বৃন্দাবন দাসের 'চৈতন্যভাগবত' গ্রন্থের আদিখণ্ডে কয়টি অধ্যায় রয়েছে? এই অধ্যায়গুলিতে চৈতন্য জীবনের কোন কোন বিষয় বর্ণিত হয়েছে?
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যের নেত চরিত্রটির পরিচয় দাও।
- (খ) ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে লোকসংস্কৃতির উপাদান সম্পর্কে আলোচনা করো।
- (গ) 'বনের পশুরাও মুকুন্দরাম চক্রবর্তীর কাব্যে মানবিক মর্যাদা লাভ করেছে।' — প্রসঙ্গ নির্দেশ করে বক্তব্যটি আলোচনা করো।
- (ঘ) মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে 'নারীগণের পতিনিন্দা' অংশে কবির কৌতুকরসের পরিচয় দাও।
- (ঙ) 'চৈতন্যভাগবত' গ্রন্থ অবলম্বনে চৈতন্যের বাল্য-লীলার পরিচয় দাও।
- (চ) 'চৈতন্যভাগবত' গ্রন্থে চৈতন্যদেবের যে মহিমা প্রকাশ পেয়েছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে চাঁদ সদাগর চরিত্রে যে সাহস ও সংগ্রামী মনোভাবের প্রকাশ ঘটেছে তার বর্ণনা দাও।
- (খ) মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে উপন্যাসের যে যে লক্ষণ প্রতিভাত হয়েছে তা দৃষ্টান্তসহ আলোচনা করো।
- (গ) 'ফুল্লরার বারমাস্যা' অংশে মুকুন্দরামের সমাজ অভিজ্ঞতার পরিচয় ব্যক্ত করো।
- (ঘ) বৃন্দাবন দাসের 'চৈতন্যভাগবত' গ্রন্থের আদিখণ্ডে আর্থ-সামাজিক ও রাজনৈতিক অবস্থার যে চিত্র প্রকাশ পেয়েছে তার স্বরূপ আলোচনা করো।

—x—